



## নূহ

## Noah

## نُوح

পরম করুণাময় ও অসিম  
দয়ালু আল্লাহর নামে শুরু  
করছি

In the name of Allah,  
Most Gracious, Most  
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. আমি নূহকে প্রেরণ  
করেছিলাম তাঁর  
সম্প্রদায়ের প্রতি একথা  
বলে: তুমি তোমার  
সম্প্রদায়কে সতর্ক কর,  
তাদের প্রতি মর্মন্তদ শাস্তি  
আসার আগে।

1. Indeed, We sent  
Noah to his people,  
(saying): "Warn your  
people before that there  
comes upon them a  
painful punishment."

إِنَّا أَرْسَلْنَا نُوحًا إِلَىٰ قَوْمِهِ أَنْ  
أَنْذِرْ قَوْمَكَ مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَهُمْ  
عَذَابٌ أَلِيمٌ ﴿١﴾

2. সে বলল, হে আমার  
সম্প্রদায়! আমি তোমাদের  
জন্যে স্পষ্ট সতর্ককারী।

2. He (Noah) said: "O  
my people, indeed I am  
to you a clear warner."

قَالَ يَقَوْمِ إِنِّي لَكُمْ نَذِيرٌ  
مُبِينٌ ﴿٢﴾

3. এ বিষয়ে যে, তোমরা  
আল্লাহ তা'আলার এবাদত  
কর, তাঁকে ভয় কর এবং  
আমার আনুগত্য কর।

3. "That worship  
Allah, and fear Him,  
and obey me."

أَنِ اعْبُدُوا اللَّهَ وَاتَّقُوهُ  
وَاطِيعُونَ ﴿٣﴾

4. আল্লাহ তা'আলা  
তোমাদের পাপসমূহ ক্ষমা  
করবেন এবং নির্দিষ্ট সময়  
পর্যন্ত অবকাশ দিবেন।  
নিশ্চয় আল্লাহ তা'আলার  
নির্দিষ্টকাল যখন হবে,  
তখন অবকাশ দেয়া হবে  
না, যদি তোমরা তা  
জানতে!

4. "He will forgive  
you of your sins,  
and respite you until  
a term appointed.  
Indeed, the term of  
Allah when it comes,  
cannot be delayed. If  
you knew."

يَغْفِرْ لَكُمْ مِنْ دُنُوبِكُمْ  
وَيُؤَخِّرْكُمْ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى إِنَّ  
أَجَلَ اللَّهِ إِذَا جَاءَ لَا يُؤَخَّرُ لَوْ  
كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٤﴾

5. সে বললঃ হে আমার পালনকর্তা! আমি আমার সম্প্রদায়কে দিবারাত্রি দাওয়াত দিয়েছি;

5. He said: "My Lord, indeed, I called my people night and day."

قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا  
وَّنَهَارًا ﴿٥﴾

6. কিন্তু আমার দাওয়াত তাদের পলায়নকেই বৃদ্ধি করেছে।

6. "But my calling increased them not except in flight."

فَلَمْ يَزِدْهُمْ دُعَائِي إِلَّا فِرَارًا ﴿٦﴾

7. আমি যতবারই তাদেরকে দাওয়াত দিয়েছি, যাতে আপনি তাদেরকে ক্ষমা করেন, ততবারই তারা কানে অঙ্গুলি দিয়েছে, মুখমন্ডল বস্ত্রাবৃত করেছে, জেদ করেছে এবং খুব ঔদ্ধত্য প্রদর্শন করেছে।

7. "And indeed, whenever I called them that You may forgive them, they thrust their fingers into their ears, and covered themselves with their garments, and persisted, and became arrogant with greater arrogance."

وَإِنِّي كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ  
جَعَلُوا أَصَابِعَهُمْ فِي آذَانِهِمْ  
وَاسْتَعْشَوْا ثِيَابَهُمْ وَأَصْرُوا  
وَاسْتَكْبَرُوا اسْتِكْبَارًا ﴿٧﴾

8. অতঃপর আমি তাদেরকে প্রকাশ্যে দাওয়াত দিয়েছি,

8. "Then indeed, I called them openly."

ثُمَّ إِنِّي دَعَوْتُهُمْ جِهَارًا ﴿٨﴾

9. অতঃপর আমি ঘোষণা সহকারে প্রচার করেছি এবং গোপনে চুপিসারে বলেছি।

9. "Then indeed, I publicly proclaimed to them, and I have appealed to them in private."

ثُمَّ إِنِّي أَعْلَنْتُ لَهُمْ وَأَسْرَرْتُ  
لَهُمْ إِسْرَارًا ﴿٩﴾

10. অতঃপর বলেছিঃ তোমরা তোমাদের পালনকর্তার ক্ষমা প্রার্থনা কর। তিনি অত্যন্ত ক্ষমাশীল।

10. And I said: "Seek forgiveness from your Lord. Indeed, He is All Forgiving."

فَقُلْتُ اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ  
غَفَّارًا ﴿١٠﴾

11. তিনি তোমাদের উপর অজস্র বৃষ্টিধারা ছেড়ে দিবেন,

11. "He will send from heaven abundant rains upon you."

يُرْسِلُ السَّمَاءَ عَلَيْكُمْ  
مِدْرَارًا ﴿١١﴾

12. তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি বাড়িয়ে দিবেন, তোমাদের জন্যে উদ্যান স্থাপন করবেন এবং তোমাদের জন্যে নদীনালা প্রবাহিত করবেন।

12. “And He will give you increase in wealth and children, and will provide for you gardens, and will provide for you rivers.”

وَيُضَاعِدْكُمْ بِأَمْوَالٍ وَيَبْنِيَنَّ وَيَجْعَلْ لَكُمْ جَنَّاتٍ وَيَجْعَلْ لَكُمْ أَنْهَارًا ط

13. তোমাদের কি হল যে, তোমরা আল্লাহ তা'আলার শ্রেষ্ঠত্ব আশা করছ না।

13. “What is (the matter) with you that you hope not toward Allah for dignity.”

مَا لَكُمْ لَا تَرْجُونَ لِلَّهِ وَقَارًا ر

14. অথচ তিনি তোমাদেরকে বিভিন্ন রকমে সৃষ্টি করেছেন।

14. “Although He has created you in successive stages.”

وَقَدْ خَلَقَكُمْ أَطْوَارًا ر

15. তোমরা কি লক্ষ্য কর না যে, আল্লাহ কিভাবে সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন।

15. “Do you not see how Allah has created seven heavens, one above the other.”

أَلَمْ تَرَ وَكَيْفَ خَلَقَ اللَّهُ سَبْعَ سَمَاوَاتٍ طِبَاقًا ي

16. এবং সেখানে চন্দ্রকে রেখেছেন আলোরূপে এবং সূর্যকে রেখেছেন প্রদীপরূপে।

16. “And made the moon a light in them, and made the sun a lamp.”

وَجَعَلَ الْقَمَرَ فِيهِنَّ نُورًا وَجَعَلَ الشَّمْسَ سِرَاجًا ر

17. আল্লাহ তা'আলা তোমাদেরকে মৃত্তিকা থেকে উদগত করেছেন।

17. “And Allah has caused you to grow from the earth as a growth.”

وَاللَّهُ أَنْبَتَكُمْ مِنَ الْأَرْضِ نَبَاتًا ي

18. অতঃপর তাতে ফিরিয়ে নিবেন এবং আবার পুনরুত্থিত করবেন।

18. “Then He will return you into it, and He will bring you forth, (a new) forth bringing.”

ثُمَّ يُعِيدُكُمْ فِيهَا وَيُخْرِجُكُمْ إِخْرَاجًا ر

19. আল্লাহ তা'আলা তোমাদের জন্যে ভূমিকে

19. “And Allah has made for you the earth

وَاللَّهُ جَعَلَ لَكُمْ الْأَرْضَ

করেছেন বিছানা।

wide spread.”

بِسَاطًا

20. যাতে তোমরা  
চলাফেরা কর প্রশস্ত পথে।

20. “That you may  
walk therein, in open  
paths.”

لَتَسْلُكُوا مِنْهَا سُبُلًا فِجَا جًا

21. নূহ বললঃ হে আমার  
পালনকর্তা, আমার  
সম্প্রদায় আমাকে অমান্য  
করেছে আর অনুসরণ  
করছে এমন লোককে, যার  
ধন-সম্পদ ও সন্তান-সন্ততি  
কেবল তার ক্ষতিই বৃদ্ধি  
করছে।

21. Noah said: “My  
Lord, they indeed have  
disobeyed me and  
have followed those  
whose wealth and  
whose children will not  
increase him except in  
loss.”

قَالَ نُوحٌ رَبِّ إِنَّهُمْ عَصَوْنِي  
وَاتَّبَعُوا مَنْ لَمْ يَزِدْهُ مَالَهُ وَوَلَدَهُ  
إِلَّا خَسَارًا

22. আর তারা ভয়ানক  
চক্রান্ত করছে।

22. “And they have  
plotted a mighty plot.”

وَمَكْرُؤًا كَبِيرًا

23. তারা বলছেঃ তোমরা  
তোমাদের উপাস্যদেরকে  
ত্যাগ করো না এবং ত্যাগ  
করো না ওয়াদ, সুয়া,  
ইয়াগুছ, ইয়াউক ও  
নসরকে।

23. And they said:  
“Do not abandon your  
gods, and do not  
abandon Wadd, nor  
Suwa, nor Yaghuth,  
and Yauq, and Nasr.”

وَقَالُوا لَا تَذَرُنَّ آلِهَتَكُمْ وَلَا  
تَذَرُنَّ وَدًّا وَلَا سُوَاعًا وَلَا يَغُوثَ  
وَيَعُوقَ وَنَسْرًا

24. অথচ তারা অনেককে  
পথভ্রষ্ট করেছে। অতএব  
আপনি জালেমদের  
পথভ্রষ্টতাই বাড়িয়ে দিন।

24. And indeed they  
have led astray many.  
And increase not the  
wrongdoers except in  
error.

وَقَدْ أَضَلُّوا كَثِيرًا وَلَا تَزِدِ  
الظَّالِمِينَ إِلَّا ضَلَالًا

25. তাদের গোনাহসমূহের  
দরুন তাদেরকে নিমজ্জিত  
করা হয়েছে, অতঃপর  
দাখিল করা হয়েছে  
জাহান্নামে। অতঃপর তারা  
আল্লাহ তা’আলা ব্যতীত

25. Because of their  
sins they were  
drowned, then made to  
enter into Fire. Then  
they found none as  
helper to them besides  
Allah.

مِمَّا خَطِيئَتِهِمْ أُغْرِقُوا فَأُدْخِلُوا  
نَارًا فَلَمْ يَجِدُوا لَهُمْ مِنْ دُونِ  
اللَّهِ أَنْصَارًا

কাউকে সাহায্যকারী  
পায়নি।

26. নূহ আরও বললঃ হে  
আমার পালনকর্তা, আপনি  
পৃথিবীতে কোন কাফের  
গৃহবাসীকে রেহাই দিবেন  
না।

27. যদি আপনি তাদেরকে  
রেহাই দেন, তবে তারা  
আপনার বান্দাদেরকে  
পথভ্রষ্ট করবে এবং জন্ম  
দিতে থাকবে কেবল  
পাপাচারী, কাফের।

28. হে আমার পালনকর্তা!  
আপনি আমাকে, আমার  
পিতা-মাতাকে, যারা  
মুমিন হয়ে আমার গৃহে  
প্রবেশ করে-তাদেরকে এবং  
মুমিন পুরুষ ও মুমিন  
নারীদেরকে ক্ষমা করুন  
এবং যালেমদের কেবল  
ধ্বংসই বৃদ্ধি করুন।

26. And Noah said:  
“My Lord, leave not  
on the earth from  
among the disbelievers  
any dweller.”

27. “Indeed, if you  
leave them, they would  
lead astray Your  
servants and would  
beget none except  
sinners, disbelievers.”

28. “My Lord, forgive  
me and my parents  
and whoever has  
entered my house as a  
believer, and all  
believing men and all  
believing women, and  
increase not the  
wrongdoers in anything  
except in ruin.”

وَ قَالَ نُوحٌ رَبِّ لَا تَذَرْ عَلَيَّ  
الْأَرْضَ مِنَ الْكَافِرِينَ دَيَّارًا ﴿٢٦﴾

إِنَّكَ إِنْ تَذَرَهُمْ يُضِلُّوا عِبَادَكَ  
وَلَا يَلِدُوا إِلَّا فِجْرًا كَفَّارًا ﴿٢٧﴾

رَبِّ اغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِمَنْ  
دَخَلَ بَيْتِي مُؤْمِنًا وَلِلْمُؤْمِنِينَ  
وَالْمُؤْمِنَاتِ وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا  
تَبَارًا ﴿٢٨﴾

